

একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত আদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

প্রাণিসম্পদ-১ অধিশাখা

www.mofl.gov.bd

নং- ৩৩.০০.০০০০.১১৭.১১.০০৩.১৬-৬৭০

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৩
২৭ জুলাই ২০১৬

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৫/০৬/২০১৬ তারিখের স্মারক নং-৮০.১০৮.০১১.০৪.৩৩.০২৩.২০১৪-৮৩ এর সুপারিশ মোতাবেক মেডিকেল বোর্ডের প্রত্যয়ন, পুলিশ প্রত্যয়ন প্রতিবেদন এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন প্রাণিসম্পদ অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন নন-ক্যাডার পদ সমূহে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী টাকা ২২,০০০-৫৩,০৬০/- বেতনক্রমে সুপারিশকৃত নিম্নবর্ণিত প্রার্থীগণকে কতিপয় শর্তসাপেক্ষে নিম্নোক্ত কর্মস্থলে ও পদে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হল:

ক্র:নং	রেজিঃ নং	নাম, স্থায়ী ঠিকানা ও নিজ জেলা	পদবি ও কর্মস্থল
১।	০৫৭৯৪২	নাঈমা আক্তার নিপা পিতা: আব্দুল মালেক বেপারী, সাং-তুলাসার (বেপারী পাড়া), ডাকঘর- শরিয়তপুর সদর, থানা- পালং, জেলা: শরিয়তপুর।	গবেষণা কর্মকর্তা পরিকল্পনা ও মূল্যায়ন কোষ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
২।	০৩১২৮৭	মো: মামুন শাহ পিতা: মো: ওসমান গনি শাহ, সাং- বাসা নং কে-৭, নিউটাউন-৮ নং, পোষ্ট-দিনাজপুর, থানা-কোতয়ালী, জেলা: দিনাজপুর।	প্রভাষক ডেটেরিনারি ট্রেনিং ইনস্টিটিউট, আলমডাংগা, চুয়াডাংগা।
৩।	০২৯৬৭১	মো: জাহিদ বিন রশিদ আল নাহিয়ান পিতা: মোহাম্মদ আবদুর রশিদ, সাং-এতবারপুর, পো:রামপুর, থানা:বুড়িচং জেলা: কুমিল্লা।	হাঁস-মুরগি উন্নয়ন কর্মকর্তা সরকারি হাঁস-মুরগি খামার, পটুয়াখালী।
৪।	০৩১৮২৯	মো: সাইদুর রহমান পিতা: মো: হামিদুর রহমান, সাং-তোড়িয়া, পো: তোড়িয়া, থানা-আটোয়ারী, জেলা: পঞ্চগড়	হাঁস-মুরগি উন্নয়ন কর্মকর্তা মোরগ-মুরগি পালন কেন্দ্র, কুড়িগ্রাম।
৫।	১০২৫৮২	আতিকুর রহমান পিতা: ইদ্রিস মিয়া, সাং-রত্নাবতী, পো: বানাশুয়া, থানা: কোতয়ালী, জেলা: কুমিল্লা।	হাঁস-মুরগি উন্নয়ন কর্মকর্তা মোরগ-মুরগি পালন কেন্দ্র, বাগেরহাট।

শর্তাবলী:

- তাকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্মকমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;
- তাকে তাঁর চাকরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সরকারি যেরূপ স্থির করবে সেযুগে ০২ (দুই) মাস মেয়াদী পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;
- তাকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণ ভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;
- তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (গ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী গ্র্যান্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- যদি তিনি কোন বিদেশী নাগরিক বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অজ্ঞীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে।
- The Government Servants (Conduct) Rules ১৯৭৯ এর ১৩(১) উপবিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে জমা দিতে হবে;
- এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

অ:প: দ্র:

